

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা

বিষয়ঃ আগামী ১৫ আগস্ট, ২০১৯ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি গ্রহণ এবং গৃহীত কর্মসূচি সফল বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে ০৪.০৮.২০১৯ তারিখে অনুষ্ঠিত ফলোআপ সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব জাহিদ মালেক, মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

তারিখ : ০৪/০৮/২০১৯ খ্রিঃ

সময় : বেলা ২:০০ টা

স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৩৬২, ভবন নং-৩, স্বাস্থ্য সেবা বিভাগ, ঢাকা)

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলে স্বাগত জানিয়ে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে ফলোআপ সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের উপর গুরুত্ব আরোপ করেন। সভায় স্বাস্থ্য সেবা বিভাগের সচিব জনাব মোঃ আসাদুল ইসলাম, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব জনাব শেখ ইউসুফ হারুন, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন দপ্তর/সংস্থার প্রধানগণ এবং দুই বিভাগের অতিরিক্ত সচিব ও যুগ্মসচিবসহ আরো অনেকে উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক'-তে সংযোজিত।

৩। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচিসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	কর্মসূচি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	১৫ আগস্ট, ২০১৯ তারিখ বৃহস্পতিবার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সকল প্রতিষ্ঠানের (কমিউনিটি ক্লিনিক পর্যন্ত বিস্তৃত হবে) ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।	স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং সকল অধিদপ্তর/দপ্তর/পরিদপ্তর প্রধানগণ/ভিসি, মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল)/অধ্যক্ষ (সকল), সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ/নার্সিং কলেজ ও ইনস্টিটিউট/প্রতিষ্ঠান প্রধান, আইএইচটি/ম্যাটস
২.	ধানমন্ডির ৩২-এ সকাল ৬.৩০ টায় এবং ঢাকার বনানী কবরস্থানে সকাল ৭.৩০ টার মধ্যে অথবা কর্মসূচি দু'টির বাস্তবায়নের লক্ষ্যে এস এস এক সমন্বয়ে অনুষ্ঠিত সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী নির্ধারিত সময়ে এসবি পাশ সংগ্রহপূর্বক অনুষ্ঠানস্থলে এ্যাম্বুলেন্সসহ বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে মেডিকেল টিমের ব্যবস্থা গ্রহণ করবে ও মেডিকেল টিম অনুষ্ঠানস্থলে প্যাভিলনের নির্ধারিত স্টলে উপস্থিত থাকবে।	মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/সিভিল সার্জন, ঢাকা
৩.	১৫ আগস্ট ২০১৯ বৃহস্পতিবার সকাল ১০:০০ টায় গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে ফাতেহা পাঠ, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ, সশস্ত্র বাহিনী কর্তৃক গার্ড অব অনার প্রদান এবং মোনাজাত।	সিভিল সার্জন, গোপালগঞ্জ এসবি পাশ সংগ্রহপূর্বক অনুষ্ঠানস্থলে এ্যাম্বুলেন্সসহ বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে মেডিকেল টিমের ব্যবস্থা করবেন। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/সিভিল সার্জন, গোপালগঞ্জ/অধ্যক্ষ, শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ/উপপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/অধ্যক্ষ, গোপালগঞ্জ নার্সিং কলেজ, গোপালগঞ্জ
৪.	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পক্ষ থেকে সচিবালয়ের সম্মুখে এবং ভিতরে, ঢাকা সিটির গুরুত্বপূর্ণ স্থান, বিভিন্ন দপ্তর/সংস্থার সম্মুখে জনগণের স্বাস্থ্য সম্পর্কিত বঙ্গবন্ধুর বাণী ও ছবি সম্বলিত বিলবোর্ড/প্ল্যাকার্ড/ফ্লায়ারের মাধ্যমে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।	সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ ও স্বাস্থ্য শিক্ষা পরিবার কল্যাণ বিভাগ/মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/চিফ, স্বাস্থ্য শিক্ষা ব্যুরো

ক্রমিক	কর্মসূচি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৫.	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন সকল বিভাগ, অধিদপ্তর, দপ্তর ও সংস্থা জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে কর্মসূচির আয়োজন করবে।	স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৬.	স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন সকল স্বাস্থ্য প্রতিষ্ঠানে, জেলা ও উপজেলা পর্যায়ের হাসপাতালে এবং বেসরকারি হাসপাতালসমূহে যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবসের আলোচনা সভা এবং দোয়া মাহফিলের আয়োজন করবে।	স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর, সকল অধিদপ্তর, সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ হাসপাতাল/উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স/ইউনিয়ন সাব সেন্টার (সকল)
৭.	রক্তদান কর্মসূচি, দেয়ালিকা প্রকাশ, রচনা প্রতিযোগিতা আয়োজনসহ জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃক কর্মসূচি গ্রহণ করা যেতে পারে।	স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর, সকল অধিদপ্তর, সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ হাসপাতাল/উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স/ইউনিয়ন সাব সেন্টার (সকল)
৮.	সরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠান সমূহে আয়োজিত অনুষ্ঠানে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে আবশ্যিকভাবে অংশগ্রহণ করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।	স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর, সকল অধিদপ্তর, সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ হাসপাতাল/উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স/ইউনিয়ন সাব সেন্টার (সকল)
৯.	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের পক্ষে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ব্যানারে মাননীয় মন্ত্রী এবং মাননীয় প্রতিমন্ত্রীর নেতৃত্বে ১৫ আগস্ট, ২০১৯ তারিখ বেলা ১১.৩০ টায় ধানমন্ডির ৩২ নং রোডে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে। এ উপলক্ষে মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীগণ সকাল ১১.০০ টার পূর্বেই ধানমন্ডিস্থ সোবাহানবাগ 'ঢাকা ডেন্টাল কলেজ ছাত্রাবাস, সোবাহানবাগ' এর সম্মুখে সমবেত হবেন।	স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং সকল অধিদপ্তর/দপ্তর/পরিদপ্তর প্রধানগণ/ভিসি, মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল)/অধ্যক্ষ (সকল), সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ/নাসিং কলেজ ও ইনস্টিটিউট/প্রতিষ্ঠান প্রধান, আইএইচটি/ম্যাটস
১০.	স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে শোক দিবস পালন উপলক্ষে দেশের সকল সরকারি/বেসরকারি হাসপাতালে (জেলা/উপজেলা/ইউনিয়নসহ) দিনব্যাপী বিনামূল্যে চিকিৎসা (ডায়াগনস্টিক পরীক্ষাসহ) সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। কোন প্রকার চিকিৎসা ফি নেয়া যাবে না।	ভিসি, মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল)/মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/অধ্যক্ষ (সকল), সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ/পরিচালক (সকল)সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ হাসপাতাল
১১.	শিক্ষার্থীদের মধ্যে দিবসটির তাৎপর্য ও গুরুত্ব তুলে ধরে স্থানীয়ভাবে আলোচনা সভা, শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় শোক দিবসের পোস্টার স্থাপন ও এলইডি বোর্ডের মাধ্যমে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	ভিসি, মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল)/অধ্যক্ষ (সকল), সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ/নাসিং কলেজ ও ইনস্টিটিউট/প্রতিষ্ঠান প্রধান, আইএইচটি/ম্যাটস
১২.	১২ আগস্ট ২০১৯ ঈদুল আযহা হওয়ায় ০৮ আগস্ট ২০১৯ তারিখ ঈদের পূর্বের শেষ কর্মদিবস। এজন্য জাতীয় শোক দিবস পালনের সকল প্রস্তুতি ০৮/০৮/২০১৯ তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।	স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং সকল অধিদপ্তর/দপ্তর/পরিদপ্তর প্রধানগণ/ভিসি, মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল)/অধ্যক্ষ (সকল), সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ/নাসিং কলেজ ও ইনস্টিটিউট/প্রতিষ্ঠান প্রধান, আইএইচটি/ম্যাটস

ক্রমিক	কর্মসূচি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১৩.	ঢাকা শহরের নয়া জেলা ও উপজেলা হাসপাতাল ও কমিউনিটি ক্লিনিকে সভা-আহ্বান/ পরিদর্শন/ বিনামূল্যে চিকিৎসা/ রক্তদান কর্মসূচি/ পরিষ্কার পরিচ্ছন্নতা/ব্যানার/প্রচার-প্রচারণা/শোক র্যালীর আয়োজন করতে হবে। উক্ত অনুষ্ঠানে স্থানীয় জনপ্রতিনিধিদেরকে সম্পৃক্ত করতে হবে।	বিভাগীয় পরিচালক (সকল)/পরিচালক (সকল)/সিভিল সার্জন (সকল)/উপপরিচালক (সকল)/উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)/উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)/উপজেলা স্বাস্থ্য কর্মসূচী/ইউনিয়ন সাদ সেন্টার (সকল)
১৪.	জাতীয় শোক দিবসে সকল কর্মসূচি যথাযথ ভাবগাম্ভীর্য রক্ষা করে পালন করার জন্য প্রকশাকে নির্দেশনা প্রদান করতে হবে।	স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং সকল অধিদপ্তর/দপ্তর/পরিদপ্তর প্রধানগণ/ভিসি, মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল)/অধ্যক্ষ (সকল), সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ/নাসিং কলেজ ও ইনস্টিটিউট/প্রতিষ্ঠান প্রধান, আইএইচটি/ম্যাটস
১৫.	১৫ আগস্ট, ২০১৯ তারিখ বেলা ১১.৩০ টায় র্যালীতে ব্যবহারের জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পক্ষ থেকে বড় ব্যানার তৈরি করতে হবে	উপসচিব, প্রশাসন-২, স্বাস্থ্য সেবা বিভাগ
১৬.	১৫ আগস্ট, ২০১৯ উপলক্ষে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় হতে কি-কি কর্মসূচি গ্রহণ করা হয়েছে তা টেলিভিশনের স্ক্রলে প্রকাশের ব্যবস্থা করতে হবে।	চীফ, স্বাস্থ্য শিক্ষা বুরো, মহাখালী, ঢাকা

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বঃ/-

০৫-০৮-২০১৯

(জাহিদ মালেক)

মন্ত্রী

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়


নং-৪৫.১৩৭.১১৬.০০.০০.০০১.২০১৬-১১৭৩

তারিখঃ ০৫/০৮/২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপাচার্য (সকল), মেডিকেল বিশ্ববিদ্যালয়।
- ৫। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। মহাপরিচালক (স্বাস্থ্য অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/নিপোর্ট/নাসিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা (গৃহিত সিদ্ধান্ত অনুযায়ী) মাঠ পর্যায় পর্যন্ত যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ৭। যুগ্মসচিব/যুগ্মপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। পরিচালক/অধ্যক্ষ (সকল).....
- ১০। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ১১। উপসচিব/উপপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১৩। সিভিল সার্জন, গোপালগঞ্জ/ঢাকা/বাংলাদেশ সচিবালয় ক্লিনিক, ঢাকা।

- ১৪। সিভিল সার্জন/ডাক্তারধায়ক (সকল).....
- ১৫। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রবাল/সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৭। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
- ১৮। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।


(শাহিনা খাতুন)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৭৫১৩৩
admin1@hscd.gov.bd